

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৬৭
আগরতলা, ০৫ মার্চ, ২০১৯

সন্ত্রাসবাদী তৎপরতার সঙ্গে
যুক্ত এক ব্যক্তি আটক

সন্ত্রাসবাদী তৎপরতার সঙ্গে যুক্ত নাজির শেখ নামে এক ব্যক্তিকে পুলিশ আজ আটক করেছে। আটক ব্যক্তির বাড়ি পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলায়। সে বাংলাদেশের সন্ত্রাসবাদী সংগঠন জামাতুল মুজাহিদিনের সঙ্গে যুক্ত। আজ রাজ্য পুলিশের সদর দপ্তরে এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানান রাজ্য পুলিশের মহানির্দেশক অখিল কুমার শুল্কা।

পুলিশ মহানির্দেশক জানান, পুলিশের কাছে খবর ছিলো সন্ত্রাসবাদী কার্যকলাপের সঙ্গে যুক্ত ব্যক্তি রাজ্যে রয়েছে। এ বিষয়ে কয়েকদিন ধরেই পুলিশ তৎপর ছিলো। আজ তাকে আটক করা হয়। এই ব্যক্তি আই ই ডি তৈরির প্রশিক্ষণ নিয়েছে। তিনি বলেন, জামাতুল মুজাহিদিন ২০০৫ সালে বাংলাদেশের ৬৩ জেলায় পর্যায়ক্রমে বিস্ফোরণ ঘটিয়েছিলো। এই সংগঠনটি ভারতের কিছু মানুষের সঙ্গে তাদের যোগসূত্র স্থাপন করেছে। তাদের লক্ষ্য ভারতেও সন্ত্রাসবাদী তৎপরতা চালানো। মহানির্দেশক জানান, গত বছর জানুয়ারি মাসে দলাই লামা বুদ্ধগয়া সফর করার সময় তিনটি আই ই ডি উদ্ধার করেছিলো নিরাপত্তা রক্ষীরা। এগুলি বিস্ফোরণ হয়নি। এই ঘটনার পেছনেও এই সংগঠনটি যুক্ত ছিলো।

তিনি বলেন, রাজ্যের মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সংকল্প হলো ত্রিপুরাকে নেশামুক্ত করা। গত এক বছরে পুলিশ এ বিষয়ে সাফল্য পেয়েছে। তথ্য অনুযায়ী বাংলাদেশ সরকারও ড্রাগ পাচারকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে। তিনি বলেন, ড্রাগ পাচার এবং সন্ত্রাসবাদী তৎপরতার মধ্যে যোগসূত্র থাকে। যে ব্যক্তিকে আটক করা হয়েছে সে ড্রাগ পাচারের সঙ্গেও যুক্ত কিনা তা খতিয়ে দেখা হবে। তিনি বলেন, সামনেই লোকসভা নির্বাচন। রাজ্যে অনেক ভি ভি আই পি আসবেন। সন্ত্রাসবাদী সংগঠন তাদের লক্ষ্য করেছে কিনা তাও তদন্ত করে দেখা হবে। বিভিন্ন প্রশ্নের উত্তরে পুলিশ মহানির্দেশক জানান, রাজ্যে মহিলাদের বিরুদ্ধে অপরাধের সংখ্যা কমেছে। ২০১৮ সালে সারা রাজ্যে ৬৫ হাজার ৩৬৩ কেজি গাঁজা বাজেয়াপ্ত করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে পদস্থ পুলিশ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
